

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-২৭৪৯

আগরতলা, ০৩ নভেম্বর, ২০১৮

মুখ্যমন্ত্রী সকাশে সর্বসিদ্ধী এগ্রোটেক  
প্রাইভেট লিমিটেডের প্রতিনিধিদল

আজ সচিবালয়ে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন সর্বসিদ্ধী এগ্রোটেক প্রাইভেট লিমিটেডের ৪ সদস্যের এক প্রতিনিধিদল। মুখ্যমন্ত্রীর সাথে সাক্ষাতের সময়ে অতিরিক্ত মুখ্যসচিব জি এস জি আয়েঙ্গার, খাদ্য ও জনসংভরণ দপ্তরের সচিব টি কে চাকমা, অধিকর্তা দেবাশিস বসু, শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা সন্দীপ আর রাঠোর প্রমুখ উপস্থিত ছিলেন। প্রতিনিধি দলটির সাথে মুখ্যমন্ত্রী রাজ্যে উৎপাদিত ধান অত্যাধুনিক পদ্ধতিতে মিলিং করার বিষয়ে কথা বলেন। প্রতিনিধি দলটিও এ বিষয়ে রাজ্য সরকারের সাথে ইতিবাচক সহযোগিতা করবে বলে আশ্বাস দিয়েছেন। উল্লেখ্য অত্যাধুনিক পদ্ধতিতে ধান মিলিং এর ব্যবস্থা চালু হলে এফ সি আই সরাসরি রাজ্যের কৃষকদের কাছ থেকে ধান ক্রয় করবে। এতে রাজ্যের কৃষকরা দারুনভাবে উপকৃত হবে।

\*\*\*\*\*